

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন এনেক্স বিল্ডিং
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
www.boiler.gov.bd

নম্বর : ৩৬.১১.০০০০.০০১.১৬.০৫৫.১৬.১২৮৭৫

তারিখ : ১২/০৫/২০১৯ খ্রি.

বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ
বিজ্ঞপ্তি

দ্বিতীয় শ্রেণির বয়লার পরিচারক যোগ্যতা সনদ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ইচ্ছুক প্রার্থীদেরকে জানানো যাচ্ছে যে, পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় হতে আবেদন ফরম বিতরণ ও গ্রহণ করা হবেঃ

কার্যক্রম	তারিখ	সময়
ফরম বিতরণ	১৫/০৫/২০১৯খ্রি. হইতে ১৬/০৬/২০১৯খ্রি. পর্যন্ত	অফিস চলাকালীন সময়
ফরম গ্রহণ	১৬/০৫/২০১৯খ্রি. হইতে ১৭/০৬/২০১৯খ্রি. পর্যন্ত	অফিস চলাকালীন সময়

দ্বিতীয় শ্রেণির প্রার্থীর জন্য আবেদনের শর্তাবলীঃ

- (ক) প্রার্থীর বয়স ১৫/০৫/২০১৯ খ্রি. তারিখে ন্যূনতম ২১ (একুশ) বছর হতে হবে।
(খ) প্রার্থীকে বয়লারে শিক্ষানবিশ হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

জ্ঞাতব্যঃ প্রার্থীকে ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে।

- (১) বয়লারের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক মে/জুন' ১৯খ্রি. মাসে ইস্যুকৃত অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি।
(২) বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়/এসএসসি পাসের সনদপত্রের ফটোকপি।
(৩) প্রার্থীর নাগরিকত্ব ও চরিত্রগত সনদপত্রের ফটোকপি।
(৪) প্রার্থীর সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি ছবি।
(৫) ৫০০/- (পাঁচশত) টাকা ব্যাংকে জমাকৃত চালানের মূল কপি। (চালানের কোড নং- ১-৩৯৩১-০০০০-২০৩১)।



(মোঃ হুমায়ুন কবীর)

বয়লার পরিদর্শক

ও

সদস্য সচিব

বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ

বিশেষ দ্রষ্টব্য :

- ১। প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ওয়েব সাইট হতে আবেদন ফরম ডাউনলোড করেও আবেদন করা যাবে।
২। ভুল তথ্য সম্বলিত অথবা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৩। আবেদন পত্রের তৃতীয় অংশে একজন গেজেটেড কর্মকর্তা/অনারারী ম্যাজিস্ট্রেটের সম্মুখে আবেদনকারীকে স্ব-হস্তে স্বাক্ষর করতে হবে যা উক্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে।
৪। আবেদন পত্রের চতুর্থ অংশে প্রতিপাদনকারীর অনুস্বাক্ষর অংশে প্রার্থী যার নিকট থেকে অভিজ্ঞতা সনদ গ্রহণ করবেন তার অনুস্বাক্ষর নিতে হবে।
৫। প্রার্থীদের প্রথমে বয়লার বিষয়ক ব্যবহারিক তথ্যের উপর লিখিত এবং পরে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
৬। লিখিত পরীক্ষার যোগ্য, অযোগ্য প্রার্থীদের তালিকা এবং পরীক্ষার স্থান ও তারিখ অত্র দপ্তরের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশ করা হবে।